(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত)
আটপাড়া উপজেলা পরিষদ কার্যালয়
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।

আটপাড়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ খায়রুল ইসলাম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার তারিখ | : | ২২ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা : ১১.০০ ঘটিকা। |

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব মোঃ শাকিল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের আগস্ট ২০২২ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

০১। বিভাগীয় আলোচনা :

| ক্র: নং | বিভাগীয় আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৯ জন সুফল ভোগীর মাঝে ২৫ কেজি করে গোখাদ্য এবং ভিটামিন মিনারেল এবং ঔষধ বিতরণ করা হয়েছে। হাওর অঞ্চলে সমন্বিত প্রাণি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ২১.০৯.২০২২ খ্রিঃ তারিখে ১০০ জন সফল ভোগীর মাঝে ২০০টি ভেড়া বিতরণ করা হয়েছে। ইউনিয়ন পর্যায়ে গবাদী পশুদের টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | গবাদি পশুর বিভিন্ন রোগের প্রাদুর্ভাবের বিষয়ে সচেতনতামূলক প্রচারণা এবং খামারিদের নিয়মিত পরামর্শ প্রদান বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা<br>আটপাড়া,নেত্রকোণা |
| ০২. | **উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, কোভিড-১৯ এর টিকা কার্যক্রম চলমান রয়েছে। আগস্ট/২০২২ মাসে কোভিড-১৯ কোন রোগী সনাক্ত নেই ও চিকিৎসাধীন কোন রোগী নেই। এ উপজেলায় ১ম ডোজ প্রাপ্ত লোকসংখ্যা ৬৯.৪%, ২য় ডোজ প্রাপ্ত লোকসংখ্যা ৬৮.৫% ও ৩য় ডোজ প্রাপ্ত লোক সংখ্যা ৩২%। এছাড়া অনেক ডেঙ্গু টেস্ট করা হয়েছে কিন্তু কোন রোগী পাওয়া যায়নি। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারী নির্দেশনা মতে করোনার টিকা প্রদান করতে হবে।<br>২. কমিউনিটি ক্লিনিকে তদারকী বৃদ্ধি করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩. | **কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, সার ও বীজ মনিটরিং কার্যক্রম জোরদার করার লক্ষ্যে এবং সারের কৃত্রিম সংকট যাতে না হয় সে লক্ষ্যে সেপ্টেম্বর মাসের বরাদ্দ ও অতিরিক্ত বরাদ্দের সকল সার উত্তোলন করা হয়েছে। সকল | ১. সার ও বীজ মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে।<br>২. সারের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি দিতে হবে। | উপজেলা কৃষি অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| | বিসিআইসি ডিলারের দোকানে উপ-সহকারী কৃষি অফিসারদের ট্যাগ করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে ৩০ জন কৃষকের মধ্যে মাসকলাই প্রনোদনা বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৪. | **ত্রাণ ও দুর্যোগ বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা। |
| ০৫. | **প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া জানান যে, বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম নিয়মিত মনিটর করা হচ্ছে। ভোটার তালিকা হাল নাগাদ করণের জন্য প্রায় ৯০ জন শিক্ষক মাঠে কাজ করছেন এবং এই কার্যক্রম ২১ দিন চলমান থাকবে। গত ২১.০৯.২০২২ খ্রিঃ তারিখ হরিপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অফিস কক্ষের তালা ভেংগে চুরির ঘটনা ঘটে। এ বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক থানায় জিডি করা হয়েছে। এছাড়া তিনি বলেন যে, তার অফিসের স্টাফদের যে টয়লেটটি রয়েছে তাতে উপর থেকে নোংরা পানি পড়ে। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | (১) বিদ্যালয়সমূহে নিয়মিত ভিজিট অব্যাহত রাখতে হবে।<br>(২) বিদ্যালয়ে শ্রেণিভিত্তিক মা সমাবেশ নিয়মিতভাবে করতে হবে এবং শ্রেণি শিক্ষককে অভিভারকগণের সাথে মোবাইলের মাধ্যমে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৬. | **সমাজ সেবা বিভাগ:**<br>উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, তার কার্যালয়ে প্রতিবন্ধী ভাতা প্রাপ্তির জন্য ১০৫৬ জন অনলাইন আবেদন করেছেন। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আবেদনসমূহ পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জেলায় প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে প্রকৃত প্রতিবন্ধীকে নির্বাচিত করতে হবে। এবং সরকারি ভাতা প্রাপ্তিতে যেন কোন জটিলতা সৃষ্টি না হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭. | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল নির্মাণের বিজ্ঞাপন বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য উপজেলা সমন্বয় সভার সিদ্ধান্ত গ্রহণপূর্বক জেলা সমন্বয় সভায় উপস্থাপন করার জন্য তিনি অনুরোধ জানান।<br>তিনি জানান যে, লুনেশ্বর ইউনিয়ন ৪ নং ও ৫নং ওয়ার্ডের নলকূপ স্থাপন প্রকল্প। উক্ত প্রকল্পের ২০২১-২২ অর্থ বছরে বরাদ্দ না থাকায় বিল পরিশোধ করা হয়নি। ২০২২-২৩ অর্থ বছরে এডিপি থেকে বিল পরিশোধ করার প্রস্তাব উপস্থাপন করেন। ।<br>এছাড়া এলজিইডির অধীন ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় ০৩ নং লুনেশ্বর ইউনিয়নের বামুন্দি খাল পুনঃখনন এর একটি উপ-প্রকল্প প্রস্তাব পাওয়া যায়। উক্ত প্রকল্পটি বাস্তবায়ন হলে ১৫০০ একর জমি চাষাবাদযোগ্য হবে। তিনি নতুন উপ-প্রকল্প গ্রহণপূর্বক বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল নির্মাণের বিজ্ঞাপন বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>লুনেশ্বর ইউনিয়ন ৪ নং ও ৫নং ওয়ার্ডের নলকূপ স্থাপন প্রকল্পের বিল ২০২২-২৩ অর্থ বছরে এডিপি বিল থেকে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>লুনেশ্বর ইউনিয়নের বামুন্দি খাল পুনঃখনন এর উপ-প্রকল্প প্রস্তাব এর পরিবর্তে নতুন উপ-প্রকল্প গ্রহণপূর্বক বাস্তবায়নের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ০৮. | **সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা বিভাগীয় মিটিং এ অংশগ্রহণ করায় সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৯. | **যুব উন্নয়ন অধিদপ্তর:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>আটপাড়া,নেত্রকোণা। |
| ১০. | **পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া বলেন যে, দুওজ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ভিতরে প্রবেশের রাস্তাটি নির্মাণ করার জন্য অনুরোধ জানান। জন্ম নিবন্ধন কর্মসূচি বাস্তবায়নে পরিবার পরিকল্পনা পরিদর্শকদের নিকট থেকে নতুন জন্মগ্রহণকারী শিশুর তালিকা সংগ্রহ করার ব্যপারে চেয়ারম্যান ও ইউপি সচিবগণকে সমন্বয় করতে অনুরোধ জানান। এ ছাড়া উপজেলা পরিষদে পরিবার পরিকল্পনা বিভাগের জন্য জায়গা বরাদ্দ প্রদান করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | জন্ম নিবন্ধন কর্মসূচি বাস্তবায়নে পরিবার পরিকল্পনা পরিদর্শকদের নিকট থেকে নতুন জন্মগ্রহণকারী শিশুর তালিকা সংগ্রহ করার ব্যপারে চেয়ারম্যান ও ইউপি সচিবগণকে সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোণা।<br>ও<br>চেয়ারম্যান, ইউপি (সকল)। |
| ১১. | **পল্লী উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>আটপাড়া,নেত্রকোণা। |
| ১২. | **মৎস্য বিভাগ:**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোণা |
| ১৩. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, গত ১৫ সেপ্টেম্বর ২০২২ হতে এস.এস.সি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে। তিনি সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে এস.এস.সি ও সমমানের পরীক্ষা/২০২২সুন্দরভাবে অনুষ্ঠানের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ১৪. | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ১৫. | **উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় ডিজিটাল তালিকা প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। ওএমএস ও ভিজিডি কার্যক্রম কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় ডিজিটাল তালিকা প্রণয়নের কাজ সঠিক সময়ে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (০১) উপজেলা খাদ্য কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোণা।<br>(০২) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)<br>আটপাড়া, নেত্রকোণা |
| ১৬. | **উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা (WATSON) কমিটির সভা করা প্রয়োজন। | অর্থ বছরে ২০২৩-২০২২ উপজেলা (WATSON) কমিটির সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>আটপাড়া, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| | মুজিববর্ষ উপলক্ষ্যে আশ্রয়ন প্রকল্পে পানির উৎসের কাজ চলমান রয়েছে। এছাড়া তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১৭. | **বিদ্যুৎ বিভাগ, আটপাড়া**<br>সহকারী জেনারেল ম্যানেজার সভায় জানান যে, তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |

৩ (১)চেয়ারম্যান, স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৩ (২)চেয়ারম্যান, শুনই ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, টিকা কার্ডের কারনে জন্ম নিবন্ধন কার্যক্রম ব্যাহত হচ্ছে। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ জানান। তিনি আরোও বলেন যে, তার ইউনিয়নে বর্তমানে সারের কোন সংকট নেই। এছাড়া খাদ্য বান্ধব কর্মসূচির ০২ জন ডিলার রয়েছে, প্রকৃত কার্ডধারীরা যাতে পায় সেজন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান।

৩(৩)চেয়ারম্যান, দুওজ ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, তার ইউনিয়নে কমিউনিটি ক্লিনিক স্থাপন করার জন্য জায়গা নির্ধারণ করা হয়েছে। এছাড়া সোনাজুর ও দুওজ সংযোগ রাস্তা এবং তেলিগাতী-নাজিরগঞ্জ রাস্তাটি দ্রুত মেরামত করার জন্যও তিনি অনুরোধ জানান।

৩ (৪)চেয়ারম্যান, লুনেশ্বর ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, জনস্বার্থে তার ইউনিয়নে রানীগাঁও তেলিপাড়া গ্রামে ডাকঘর স্থাপনের প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। এছাড়া ধলাই বাজারে গরুর হাট স্থাপনের জন্যও তিনি অনুরোধ জানান। এছাড়া তার ইউনিয়নে বর্তমান আমন মৌসুমে সারের সংকট লাঘবে পূর্বের নিয়োগকৃত সার ডিলারের লাইসেন্স বাতিল করে নতুন করে ডিলার নিয়োগের জন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। তিনি আরোও বলেন যে, জন্মনিবন্ধনের ক্ষেত্রে বয়স নির্ধারন করে দেওয়ার জন্য অনুরোধ জানান। খাদ্য বান্ধব কর্মসূচির mis করার বাকী থাকলে তা দ্রুতগতিতে সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।

৩ (৫)চেয়ারম্যান, বানিয়াজান ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, বর্তমান অর্থ বছরে এডিপি প্রকল্পের তালিকা কত টাকার মধ্যে দিতে হবে তা অবহিত করার অনুরোধ জানান। তিনি আরোও বলেন যে, ন্যাশানাল রোড ইনভেন্টরি তালিকায় যেসকল রোডের নাম দেওয়া হয়েছে, তা দ্রুত কাজ শুরু করার জন্য অনুরোধ জানান।

৩ (৬)চেয়ারম্যান, তেলিগাতী ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, তার ইউনিয়নে সাব ডিলারগণ চাহিদা অনুযায়ী বরাদ্দ কম পাচ্ছে। তার ইউনিয়নে চাহিদা অনুযায়ী সার সরবরাহের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি আরোও বলেন যে, তেলিগাতী বাজারের রাস্তাসমূহ মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে জরুরীভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান।

৩ (৭)চেয়ারম্যান, সুখারী ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ২০০ জনের কার্ড mis করা হয়নি। এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান।

৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৫। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৬। উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। তিনি অত্র উপজেলায় চলমান এস.এস.সি ও সমমানের পরীক্ষা/২০২২ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্নের নিমিত্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরোও বলেন যে, আমন মৌসুমে সাব ডিলার ও ব্যবসায়ীগণ নির্ধারিত মূল্যের চেয়ে বেশি দামে যাতে বিক্রি করতে না পারে সেজন্য নিয়মিত মনিটরিং করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া সকল বিভাগের সরকারি দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য আহবান জানান।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। তিনি জনপ্রতিনিধি, সকল বিভাগীয় কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানগণকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির কাজসহ অন্যান্য উন্নয়নমূলক কাজ যথাযথ সময়ে সম্পন্ন করার জন্য বাস্তব পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান।

০৮। বিবিধ আলোচনা:

| ক্র: নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা সভায় জানান যে, অত্র আটপাড়া উপজেলাধীন সকল পূজামন্ডপে সার্বিক নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। এ জন্য ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণের অনুমোদন প্রয়োজন। | সকল পূজা মন্ডপে সিসি ক্যামেরা স্থাপনের জন্য ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা। |
| ০২. | উপজেলা বঙ্গবন্ধু চত্বরে ও মুক্তিযোদ্ধাদের নাম ফলকের সামনে মাঠে মাটি ভরাট করার জন্য ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণের অনুমোদন প্রয়োজন। | উপজেলা বঙ্গবন্ধু চত্বরে ও মুক্তিযোদ্ধাদের নাম ফলকের সামনে মাঠে মাটি ভরাট করার জন্য ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩ | (ক) নাছিরখালী ও উকড়া খালের বাঁধ নির্মাণ এবং<br>(খ) মোবারকপুর ও তেলিগাতী নাজিরগঞ্জ রাস্তার সংযোগ সড়ক মাটিভরাট প্রকল্প বাস্তবায়নের অনুমোদন প্রয়োজন। | (ক) নাছিরখালী ও উকড়া খালের বাঁধ নির্মাণ এবং (খ) মোবারকপুর ও তেলিগাতী নাজিরগঞ্জ রাস্তার সংযোগ সড়ক মাটিভরাট প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা। |
| ০৪ | উপজেলা পরিষদ কোয়ার্টার মগড়া ভবনের নীচ তলার পশ্চিম পার্শ্বে ইউনিট মেরামত ও সংস্কারের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণের অনুমোদন প্রয়োজন। | উপজেলা পরিষদ কোয়ার্টার মগড়া ভবনের নীচ তলার পশ্চিম পার্শ্বে ইউনিট মেরামত ও সংস্কারের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা। |
| ০৫ | উপজেলা পরিষদ কোয়ার্টার ও বাসাবাড়ীতে বিদ্যুতায়নের জন্য উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণের অনুমোদন প্রয়োজন। | উপজেলা পরিষদ কোয়ার্টার ও বাসা বাড়ীতে বিদ্যুতায়নের জন্য উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা। |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৯/২২

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং- ০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২২-৮৫৫

তারিখঃ ০৭ আশ্বিন ১৪২৯ বাংলা
২২ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা ........................................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান ..........................................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব ..........................................................................................

২২/০৯/২২

(মোঃ শাকিল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা
ফোন নং: ০৯৫২২-৭৪০০১